গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(স্বাস্থ্য শাখা)
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

বিষয়: **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মো: নাসির উদ্দিন আহমেদ**<br>মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | : | ২৪ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | : | বেলা ২: ০০ ঘটিকা |
| সভার স্থান | : | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়ের সভাকক্ষ (লিফট-১৩)। |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট 'ক'** |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সূচনা বক্তব্যে সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রেক্ষাপট তুলে ধরেন এবং বলেন, দপ্তরের প্রতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমসমূহ দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও জবাবদিহীতা আনায়ণের জন্য খুব গুরুত্বপূর্ণ। তিনি যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জন এবং যথাযথ প্রমাণক সংরক্ষণের গুরূত্বারোপ করেন। সভাপতির অনুমতিক্রমে মাঠ পর্যায়ের কার্যালয়ের উপমহাপরিদর্শকগণ তাদের স্ব স্ব দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২১-২২ এর ৩য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন পৃথক পৃথকভাবে সভায় উপস্থাপন করেন। সভাপতি সকল কার্যালয়ের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন ও স্বমূল্যায়িত প্রতিবেদন প্রেরণ। | সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণকসমূহ ২০২১-২২ অর্থ বছরের মাঠ পর্যায়ের নির্দেশিকা মোতাবেক যথাযথ হতে হবে এবং নির্ধারিত সময়ে ৪র্থ কোয়ার্টারসহ স্বমূল্যায়িত প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ক. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ মোতাবেক প্রমাণকসমূহ যথাযথ হতে হবে।<br>খ. ৪র্থ কোয়ার্টারসহ ২০২১-২২ অর্থ বছরের স্বমূল্যায়িত প্রতিবেদন যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উমহাপরিদর্শক (সকল), উপমহাপরিদর্শকের কার্যালয়। |
| ২ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষন আয়োজন। | সভাপতি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষন কার্যকরভাবে আয়োজনের গুরুত্বআরোপ করেন। তিনি বলেন, প্রয়োজনে প্রধান কার্যালয় হতে রিসোর্স পারসন আয়োজিত প্রশিক্ষনে রাখা যেতে পারে। | প্রধান কার্যালয় হতে রিসোর্স পারসন আয়োজিত প্রশিক্ষনে আমন্ত্রণ জানাতে হবে। | উমহাপরিদর্শক (সকল), উপমহাপরিদর্শকের কার্যালয়। |

চলামান পাতা-২

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩ | শুদ্ধাচার পুরস্কার প্রদান | সভাপতি বলেন, ইতোমধ্যে সকল কার্যালয়ের শুদ্ধাচার কোডে অর্থ বরাদ্দ দে'য়া হয়েছে। প্রত্যেক কার্যালয়কে শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০২১ মোতাবেক ৪র্থ কোয়ার্টারে শুদ্ধাচার পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।। | শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০২১ যথাযথ অনুসরণপূর্বক ৪র্থ কোয়ার্টারে পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উমহাপরিদর্শক (সকল), উপমহাপরিদর্শকের কার্যালয়। |
| ৪ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে কার্যক্রমসমূহ। | সভাপতির অনুমতিক্রমে জনাব মো: মেহেদী হাসান, উপমহাপরিদর্শক (স্বাস্থ্য শাখা) বলেন, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকে এলাকা ভিত্তিক শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রম, সুনির্দিষ্ট এলাকায় ডে-কেয়ার সেন্টার স্থাপনপূর্বক যথাযথ পরিবীক্ষণ, এলাকাভিত্তিক লাইসেন্স প্রদান ও লে-আউট প্ল্যান অনুমোদন সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি বলেন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় এবং দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমসমূহ অতি গুরুত্বপূর্ণ। সভাপতি আরও বলেন, ৪র্থ কোয়ার্টারে লাইসেন্স প্রদান এবং লে-আউট প্ল্যান অনুমোদন লক্ষ্যমাত্রা মোতবেক শতভাগ বাস্তবায়নে সকল কার্যালয়কে সচেষ্ট থাকতে হবে। | ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা মোতাবেক শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধের কার্যক্রমসমূহ শতভাগ বাস্তবায়ন করতে হবে। | উমহাপরিদর্শক (সকল), উপমহাপরিদর্শকের কার্যালয়। |
| ৫ | ওয়েব সাইট হালনাগাদকরণ | সভাপতি বলেন, ত্রৈমাসিক প্রতিবেদনসহ শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের দলিলাদি ওয়েবসাইটে নিয়মিত আপলোড জরুরী। অনেক কার্যালয়ের ওয়েবসাইট হালনাগাদ নয় মর্মে তিনি মত প্রকাশ করেন এবং নিয়মিতভাবে আপডেটের আহ্বান জানান। | ওয়েবসাইট নিয়মিত ভাবে হালনাগাদ করতে হবে। | উমহাপরিদর্শক (সকল), উপমহাপরিদর্শকের কার্যালয়। |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৪/২০২২

মোঃ নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৮৩৯১৩৪৮
ফ্যাক্সঃ ০২-৮৩৯১৪২৫
ই মেইলঃ ig@dife.gov.bd

স্মারক নং- ৪০.০১.০০০০.১০৪.১৬.০০৩.১৭- ৮২৭

তারিখ: ১৪ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৭ এপ্রিল, ২০২২ খ্রি:

**অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। জনাব মো: মহিদুর রহমান, যুগ্ম-সচিব, সমন্বয় ও আদালত, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয় ।

৩। জনাব সিকদার মোহাম্মাদ তৌহিদুল হাসান, সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ( মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। জনাব আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। জনাব প্রতিষ্ঠা বড়ুয়া, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৬। পিএ টু অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (অতিরিক্ত মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭। অফিস কপি।

27/08/22

মোঃ মেহেদী হাসান
উপমহাপরিদর্শক (স্বাস্থ্য শাখা)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা